

[যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান সমান।]

০১) আজাদ, সুমন ও মাসুদ তিনি বন্ধু একদিন দার্শনিক নিয়ে আলোচনা করছিল। আজাদ বলল, দার্শনিকরা হলেন আলোর মত। তারা যুগে যুগে এই প্রথিবীর মানুষকে অন্ধকারে আলোর পথ দেখিয়েছেন। সুমন বলল, দার্শনিকরা হলেন ড্রানানুরাগী, নিভীক এবং কুসংস্কারমুক্ত মানুষ। মাসুদ বলল, যেভাবেই ব্যাখ্যা দেইনা কেন দার্শনিকরা হলেন মানুষ, তাদেরও রয়েছে জীবন, বুদ্ধি এবং দর্শন চর্চা করাই তাদের মূল কাজ।

- | | |
|---|---|
| ক) যৌক্তিক সংজ্ঞা প্রদানের পদ্ধতি কি? | ১ |
| খ) যৌক্তিক সংজ্ঞার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। | ২ |
| গ) উদ্বীপকে আজাদের বক্তব্যে সংঘটিত অনুপপত্তি নির্ণয় কর। | ৩ |
| ঘ) যৌক্তিক সংজ্ঞার আলোকে উদ্বীপকে মাসুদ ও সুমনের বক্তব্যের মধ্যে তুলনা দেখাও। | ৪ |

০২) রান্না করার সময় তুলি ও তার মা গল্প করছিল। তুলি বলল, যেখানেই আগুন জ্বালানো হোক না কেন অক্সিজেন ছাড়া আগুন জ্বালানো অসম্ভব। অর্থাৎ সকল ক্ষেত্রেই অক্সিজেনের সহায়তায় আগুন প্রজ্বলিত হয়ে ওঠে। কথা প্রসঙ্গে মা বলল, তোর ক্লাসের সবাই মনে হয় জিপিএ ৫ পেয়েছে। কারণ সাহী, কাকলি ও রায়হান জিপিএ ৫ পেয়েছে।

- | | |
|---|---|
| ক) বৈজ্ঞানিক আরোহের ভিত্তিগুলো কি কি? | ১ |
| খ) অবৈজ্ঞানিক আরোহের সিদ্ধান্ত সম্ভাব্য হয় কেন? | ২ |
| গ) উদ্বীপকে তুলির বক্তব্য যে আরোহকে নির্দেশ করে তার ভিত্তিগুলো নির্ণয় কর। | ৩ |
| ঘ) উদ্বীপকে তুলি এবং মায়ের বক্তব্যের মধ্যকার পার্থক্যগুলো পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। | ৪ |

০৩) দৃশ্যকল্পঃ ১- দুটি গাছের মধ্যে ফুল, ফল, কান্দ, পাতাসহ বিভিন্ন বিষয়ে মিল রয়েছে। এর একটি আম গাছ হলে অপরটিও আম গাছ।

দৃশ্যকল্পঃ ২- মানুষের মত টেলিভিশনও কথা বলে, হাসে ও কাঁদে। মানুষের অনুভূতি আছে। অতএব টেলিভিশনেরও অনুভূতি আছে।

- | | |
|---|---|
| ক) সাদৃশ্যানুমান কাকে বলে? | ১ |
| খ) তথ্যাক্ষিত আরোহ বলতে কি বুঝা? | ২ |
| গ) উদ্বীপকে দৃশ্যকল্পঃ ১ এর মূল্য এবং গুরুত্ব নির্ণয় কর। | ৩ |
| ঘ) উদ্বীপকে দৃশ্যকল্পঃ ১ ও ২ এর মধ্যকার পার্থক্য বিশ্লেষণ কর। | ৪ |

০৪) দৃশ্যকল্পঃ ০১- চাঁদ দেখতে প্রথিবীর মতো গোল। প্রথিবীতে মানুষ বাস করে। সুতরাং চাঁদেও মানুষ বাস করে।

দৃশ্যকল্পঃ ০২- যুক্তিবিদ্যার স্যার প্রাক নির্বাচনী পরীক্ষার দুইশ জন শিক্ষার্থীর উত্তরপত্র মূল্যায়ণ করলেন। মূল্যায়ণে প্রত্যেক শিক্ষার্থীই পাস নম্বর পেয়েছে। এরপর তিনি ক্লাসে গিয়ে বললেন তোমরা সবাই পাস করেছ।

- | | |
|---|---|
| ক) আরোহ প্রধানত কত প্রকার ও কি কি? | ১ |
| খ) প্রকৃত আরোহ বলতে কি বুঝা? | ২ |
| গ) উদ্বীপকে দৃশ্যকল্পঃ ০১ এর ঘটনাটিতে সংঘটিত অনুপপত্তি নির্ণয় কর। | ৩ |
| ঘ) উদ্বীপকে দৃশ্যকল্পঃ ০২ এর ঘটনাটিকে কি প্রকৃত আরোহ বলা যায়? মতামত দাও। | ৪ |

০৫) রাতে ঘুম থেকে উঠে একটি শিশু হঠাৎ চিৎকার করে কান্নাকাটি শুরু করল। কান্নার চিৎকার শুনে তার পরিবারের লোকজন ছুটে আসল। শিশুটির দাদি বলল, কোন প্রেতাত্মা মনে হয় শিশুটিকে বিরক্ত করছে। তাই সে কান্নাকাটি করছে। তেল পড়া দিলেই সে ঠিক হয়ে যাবে। মা বলল, শিশুটির মনে হয় পেট ব্যাথা করছে, কারণ পেট ফুলে রয়েছে। তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া উচিত।

- | | |
|---|---|
| ক) প্রকল্প কাকে বলে? | ১ |
| খ) প্রকল্পের প্রাসঙ্গিকতা ব্যাখ্যা কর। | ২ |
| গ) উদ্বীপকে দাদির প্রকল্পটির বৈধতা যাচাই কর। | ৩ |
| ঘ) উদ্বীপকে নির্দেশিত বিষয়বস্তুর স্তরসমূহ পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। | ৪ |